গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.emrd.gov.bd

বিষয়: **জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ডিসেম্বর/২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি	:	মোঃ জাহাঙ্গীর আলম, অতিরিক্ত সচিব (প্রশাসন) (অতিঃ দাঃ) ও এপিএ টিম লিডার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ ও সময়	:	২৩-০১-২০২২, বিকাল-০২.৩০ ঘটিকা
স্থান	:	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	:	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোছাম্মাৎ ফারহানা রহমান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ২৭-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত নভেম্বর/২০২১ পর্যন্ত এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-২) বলেন যে, মন্ত্রণালয়/বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক পর্যালোচনা সভা মন্ত্রিপরিষদ বিভাগে ২৪-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। সে উদ্দেশ্যেই এ বিভাগ ও দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ডিসেম্বর/২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনার জন্য অদ্যকার সভাটি আয়োজন করা হয়েছে। দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ষান্মাষিক অর্জন পর্যালোচনা ও মূল্যায়নের নিমিত্ত দু'দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে মনিটরিং টিম পুনর্গঠনপূর্বক ৮টি কমিটি গঠন করা হয়েছে। এপিএ'তে মনিটরিং সূচকগুলোর বিপরীতে ১৪ নম্বর বরাদ্দ রয়েছে। তাই মনিটরিং সূচকগুলোর বিপরীতে পূর্ণ নম্বর প্রাপ্তির লক্ষ্যে রিপোর্টসমূহ সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে করা প্রয়োজন। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন এবং মনিটরিং রিপোর্টসমূহ যথাযথভাবে প্রস্তুতের বিষয়ে গুরুত্বারোপ করেন। মনিটরিং টিমসমূহ পুনর্গঠনের পূর্ব পর্যন্ত অর্থাৎ ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৬ মাসে যে সকল কমিটির রিপোর্ট পাওয়া যায়নি তা দ্রুত দাখিলের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২। সভায় জানানো হয় যে, ডিসেম্বর/২০২১ পর্যন্ত এলএনজি আমদানির পরিমাণ ২৫.২৮ লক্ষ মেট্রিক টন, যা লক্ষ্যমাত্রার বিপরীতে সন্তোষজনক রয়েছে। তবে ভবিষ্যতে এর ধারাবাহিকতা অব্যাহত থাকবে কিনা এ বিষয়ে সভায় জানতে চাওয়া হয়। আরপিজিসিএল এর প্রতিনিধি জানান যে, স্পট মার্কেট এলএনজি আমদানি অব্যাহত থাকলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স জানান যে, জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধানের আওতায় শরীয়তপুরে অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নের কাজ চলমান রয়েছে। রাস্তা নির্মাণ করা হচ্ছে এবং একটি জায়গায় রাস্তা প্রশস্তকরণের লক্ষ্যে বাজারের জমি প্রাপ্তিতে একটু সমস্যা দেখা দিয়েছে, যা সমাধানের জন্য কাজ করা হচ্ছে। বৈদেশিক মালামাল ক্রয়ের নিমিত্ত দরপত্র আহ্বান করা হয়েছে ও দরপত্র মূল্যায়ন করে এলসি খোলা হয়েছে। সভাপতি ভূমি অধিগ্রহণের বিষয়টি সমাধানের জন্য সার্বক্ষণিক একজন লোক নিয়োগের পরামর্শ দেন এবং অনুসন্ধান কূপ খননের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক, জিএসবি জানান যে, ডিসেম্বর/২০২১ পর্যন্ত ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন ৭০৯ ব: কি.মি. সম্পাদিত হয়েছে। ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন কার্যক্রম সাধারণত শুষ্ক মৌসুমে সম্পাদন করা হয়। নির্ধারিত সময়ে সূচকটির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

২.৩। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, বেসরকারি বিনিয়োগে স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিডটি স্টাডি সম্পাদন কার্যক্রম পেট্রোবাংলা পর্যায়ে চলমান রয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী এ কার্যক্রম সম্পাদন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো বলেন যে, এলএনজি ভর্তুকি নীতিমালার খসড়াটি পেট্রোবাংলার বোর্ড সভায় অনুমোদনের অপেক্ষাধীন রয়েছে। বোর্ড সভায় অনুমোদনের পর খসড়াটি দ্রুত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল জানান যে, নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী গ্যাস সঞ্চালন পাইপলাইনের ম্যাপ ডিজিটালাইজেশন কার্যক্রম সম্পাদন করা সম্ভব হবে। ইআরএল এর প্রতিনিধি জানান যে, গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসের নিমিত্ত এ পর্যন্ত ৪ কি.মি. পাইপলাইন সম্পন্ন হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পাইপলাইন নির্মাণ করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি এ কার্যক্রমটি ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের লক্ষ্যে নীলফামারি ও রংপুর জেলার কয়েকটি উপজেলার ভূমি অধিগ্রহণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদন পাওয়া গেছে। এ সকল উপজেলায় প্রায় ৬০ কি.মি. পাইপলাইন নির্মাণ করা যাবে, ফলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল বলেন যে, ওয়েলহেড গ্যাস কম্প্রেসরের বৈদেশিক মালামালের একটি শিপমেন্ট ইতোমধ্যে পোর্টে চলে এসেছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২.৪। সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তথ্য অধিকার এর বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা করা হয়। ডিসেম্বর/২০২১ পর্যন্ত বর্ণিত ৫টি কর্মপরিকল্পনা পর্যালোচনায় পিছিয়ে থাকা সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৬ মাসে যে সকল কমিটি রিপোর্ট দাখিল করেনি তাদেরকে দ্রুত রিপোর্ট দাখিল করতে হবে।	এপিএ টিম/সংশ্লিষ্ট কমিটি
৩.২	অনুসন্ধান কূপ খননের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম ত্বরান্বিত করতে হবে	পেট্রোবাংলা/বাপেক্স
৩.৩	নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিডটি স্টাডি সম্পাদনের লক্ষ্যে গৃহীত কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে।	পেট্রোবাংলা/আরপিজিসিএল
৩.৪	নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী গ্যাস সঞ্চালন পাইপলাইনের ম্যাপ ডিজিটালাইজেশন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/ জিটিসিএল
৩.৫	গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসের নিমিত্ত পাইপলাইন নির্মাণ কার্যক্রম জোরদার করতে হবে।	বিপিসি/ইআরএল
৩.৬	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ৫টি কর্মপরিকল্পনার পিছিয়ে থাকা সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এপিএ টিম/উপসচিব, প্রশাসন-১/ প্রশাসন-২/ প্রশাসন-৩/বাজেট অধিশাখা ও আইসিটি শাখা এবং দপ্তর/সংস্থা/কোম্পানি

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.০১.২০২২

(মোঃ জাহাঙ্গীর আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন) (অতিঃ দাঃ)
ও
এপিএ টিম লিডার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ